

প্রিয় পিতামাতা অথবা অভিভাবক:

আপনার সন্তান, ২০০৮-২০০৯ স্কুল বর্ষে, স্বাস্থ্য পরিষেবা(সমূহ) (যেমন, ওষুধ) এবং/অথবা ১৯৭৩ সালের পুনর্বাসন আইনের ৫০৪ ধারার আওতায় সুযোগসুবিধা লাভ করার উপযুক্ত বিবেচিত হয়েছিল। স্বাস্থ্য পরিষেবার নিয়ম এবং/অথবা ৫০৪ ধারার সুযোগসুবিধার নির্দেশাবলি অনুসারে প্রত্যেক বছরের জন্য নতুন করে অনুমোদন গ্রহণ আবশ্যিক। আপনার সন্তানের এখনও স্কুলে পরিষেবা লাভ করা প্রয়োজন এটা সাব্যস্ত হলে সে যেন উপযুক্ত পরিষেবা পায় তা নিশ্চিত করার লক্ষ্যে এবং তা নিশ্চিত এই অনুমোদনটি নবায়নের দরকার। নবায়িত অনুমোদন ফরমগুলো নিশ্চিত করে যে, আপনার সন্তান আপনার পারিবারিক চিকিৎসক নির্দেশিত যথাযথ চিকিৎসা পরিচর্যা লাভ করবে এবং গেল বছরের কোন পর্যায়ে চিকিৎসা পদ্ধতি, ওষুধের মাত্রা, সময়, পার্শ্বপ্রতিক্রিয়া, ইত্যাদি অপরিবর্তিত রয়েছে। আপনার সন্তানকে যথাযথভাবে সেবা করায় পরিচর্যাকারীকে সক্ষম করে তোলার জন্যেও এই তথ্য জরুরি।

যেহেতু বহু পিতামাতা বছরের এই সময়ে তাদের ছেলেমেয়েদের বার্ষিক ও ক্যাম্প স্বাস্থ্য পরীক্ষা করিয়ে থাকেন, সেহেতু আমরা আপনাকে আসন্ন স্কুলবছরের জন্য প্রস্তুতি গ্রহণে এবং, প্রয়োজনবোধে, আপনার সন্তানের চিকিৎসককে দিয়ে ২০০৯-২০১০ স্কুলবছরের যথাযথ ফরম পূরণ করিয়ে নেয়ার জন্য উৎসাহিত করছি।

এই লক্ষ্যে, অনুগ্রহ করে আপনার পারিবারিক চিকিৎসক/স্বাস্থ্য পরিচর্যাকারীকে দিয়ে সংযুক্ত যথোপযুক্ত স্বাস্থ্য পরিষেবা এবং/অথবা ৫০৪ ধারার সুযোগসুবিধা সংক্রান্ত ফরম(গুলো) স্পষ্টাক্ষরে ভালভাবে পূরণ করিয়ে নিন।

অনুগ্রহ করে মেডিকেশন ফরমের উপরের বামপাশে ছোট একটি ছবি সংযুক্ত করুন যাতে আপনার সন্তানকে যথাযথভাবে শনাক্ত করা যায়।

তাই, অনুমোদন ফরম(গুলো) শেষ স্কুল দিবসের আগে স্কুলে ফেরত দেয়া অথবা গ্রীষ্মের ছুটিতে নিচের ঠিকানায় পাঠান যেতে পারে:

---

---

---

---

নতুন স্কুল বর্ষের শুরুতে এসব পরিষেবা লাভ নিশ্চিত করার জন্য পূরণকৃত ফরম ১০ অগাস্ট, ২০০৯ তারিখের মধ্যে জমা দিতে হবে।

আপনার বিশ্বস্ত,